


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।



Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

পত্র নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০০৩.২০-২৭

তারিখঃ ০২/০২/২০২১ খ্রিঃ


**বিষয়ঃ (1) Preventive Maintenance of Passport Personalizer (Yearly); (2) Maintenance of MRP & MRV Software (Yearly) এবং (3) RDBMS-Existing Oracle (Yearly) এর রক্ষণাবেক্ষণ চুক্তির মেয়াদ শেষ হয়ে যাওয়ার পূর্বে চুক্তির মেয়াদ বর্ধিতকরণ সংক্রান্ত সিপিটিইউ'র মতামত।**

সূত্রঃ-সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং-৫৮.০১.০০০০.০৪৩.০০৭.১৮-১৩২; তারিখঃ ১২/১১/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্ণিত রক্ষণাবেক্ষণ সেবাটি একটি পণ্য-সংশ্লিষ্ট সেবা। এ ধরনের সেবা মূল পণ্য সরবরাহ চুক্তির মেয়াদের পরে ক্রয় করা হলে বিধি-২(৪৩) অনুযায়ী এটি ভৌত সেবা হিসেবে বিবেচিত হবে। ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬) এর ধারা-৩১ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি-৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতি অগ্রা বিবেচ্য পদ্ধতি। পিপিআর, ২০০৮ এর বিধি-৭৬(১)(ক) অনুযায়ী এ জাতীয় সেবা সরবরাহের অন্য কোন উপযুক্ত প্রতিষ্ঠান না থাকলে ক্রয়কারী সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণ করে মূল সরবরাহকারী প্রতিষ্ঠান থেকে উক্ত সেবা ক্রয় করতে পারে।

০২। সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে বর্ণিত বিষয়ে প্রেরিত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

সিনিয়র সচিব  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(মোহাম্মদ সালাহ উদ্দিন)  
উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব)  
ফোনঃ ৪৮১১৯৩৭৮

**বিতরণঃ (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহেঃ**

১. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭ [দৃঃ আঃ-পরিচালক (প্রশাসন ও অর্থ)]।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. অফিস কপি।